দৈনিক সংবাদ

তারিখ FEB. 25 1999
পৃষ্ঠা ৫ কলাম ৭

129

কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ

# শিক্ষক সংকট ।। আবাসিক সমস্যা লাইব্রেরিতে প্রয়োজনীয় বই নেই

**কুমিল্লা থেকে জেলা বার্তা পরিবেশক ঃ** শিক্ষক সংকট, আবাসিক সমস্যা, লাইব্রেরিতে প্রয়োজনীয় বই নেই, নেই লাইব্রেরিয়ান। এসব সমস্যা নিয়ে চলছে শতবর্ষের পুরানো ঐতিহ্যবাহী কুমিল্লা ভিক্টোরিয়া বিশ্ববিদ্যালয় কলেজ।

## শিক্ষক সংকট

১৪০টি শিক্ষকের মধ্যে ১শ' ৯জন দিয়ে চলছে উচ্চ মাধ্যমিক শাখা, পাস কোর্স, ১৮টি বিষয়ে অনার্স ও ও মাস্টার্স কোর্সের পাঠদান।

কলেজটিতে প্রফেসারের ৬টি পদ শূন্য। ৩২ জন সহযোগী অধ্যাপকের মধ্যে আছেন ১৫ জন। সহকারী অধ্যাপকের ৭টি এবং প্রভাষকের ১টি পদ শূন্য পড়ে আছে দীর্ঘদিন।

## আবাসিক সমস্যা

৯ হাজার ছাত্রছাত্রীর জন্য আছে ৯শ' জনের থাকার ব্যবস্থা সংবলিত হল। আবাসিক হলে থাকার জায়গা না পেয়ে ছাত্ররা থাকেন মেস ভাড়া করে। ছাত্রীরা আত্মীয়-স্বজনের বাসায়। উচ্চ মাধ্যমিক শাখার ২ হাজার ২শ' ছাত্রছাত্রীর মধ্যে সোহরাওয়ার্দী ও রবীন্দ্রনাথ ছাত্র বাসে ২৬০ জন এবং শেরে বাংলা ছাত্রাবাসে ৩৫ জনের থাকার ব্যবস্থা- রয়েছে। উচ্চ মাধ্যমিকের ছাত্রীদের জন্য ছাত্রী নিবাস নেই। সম্প্রতি কবি নজরুল ইসলাম হলে ১২৫টি সিট খালি হলে তা বরাদ্দ পাওয়ার জন্য. ১ হাজার জন আবেদন করেন। নওয়াব ফয়েজুন্নেসা হলে ৩৬টি খালি সিটের জন্য আবেদন করেছেন ১ হাজার ছাত্রী। মেয়েদের হলে প্রয়োজনীয় আসবাবপত্র নেই। যারা থাকেন তারা সাথে নিয়ে আসেন খাট, চেয়ার, টেবিল।

## লাইব্রেরি আছে বই নেই নেই লাইব্রেরিয়ান

কলেজটির উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি শাখায় ২টি লাইব্রেরি রয়েছে। কিন্তু কোন লাইব্রেরিয়ান নেই। ২ জন চতুর্থ শ্রেণীর কর্মচারী পালন করছেন লাইব্রেরিয়ানের দায়িত্ব। দায়িত্ব বলতে সকালে তালা খোলা এবং বিকেলে তালা. বন্ধ করা। কারণ ছাত্রছাত্রীদের জন্য প্রয়োজনীয় কোন বই লাইব্রেরি ২টিতে নেই।